

**উত্তরপত্র / লেকচার -২ (২১.৯.২০)**

ক) এক বাক্যে উত্তর লিখ।

১. সোনারগাঁও এর সবচেয়ে সমৃদ্ধ এলাকার নাম কী?

**উত্তর:** সোনারগাঁও এর সবচেয়ে সমৃদ্ধ এলাকার নাম পানাম নগর।

২. রাস্তার দুই পাশে সারি সারি দালানগুলো কেমন ছিল?

**উত্তর:** রাস্তার দুই পাশে সারি সারি দালানগুলো বেশ প্রাচীন।

৩. এখানে আনেক বছর আগে কারা বাস করতেন?

**উত্তর:** এখানে আনেক বছর আগে ধনী ব্যবসায়ীরা বাস করতেন।

৪. মসলিন কাপড়ের প্রসিদ্ধ স্থান কোনটি ছিল?

**উত্তর:** মসলিন কাপড়ের প্রসিদ্ধ স্থান ছিল পানাম নগর।

৫. সোনারগাঁও এর তৈরি কোন কাপড়ের বিশ্ব জোড়া কদর ছিল?

**উত্তর:** সোনারগাঁও এর তৈরি মসলিন কাপড়ের বিশ্ব জোড়া কদর ছিল।

৬. ইংরেজরা এদেশে আসার পর কিসের কদর কমে যায়?

**উত্তর:** ইংরেজরা এদেশে আসার পর দেশি কাপড়ের কদর কমে যায়।

৭. এই শহরের কোথায় বাংলার অভূতপূর্ব স্থাপত্য শৈলী রয়েছে?

**উত্তর:** এই শহরের পুরনো দালানগুলিতে বাংলার অভূতপূর্ব স্থাপত্য শৈলী রয়েছে।

৮. একটি দেশের কী কী জাদুঘরে সংরক্ষিত থাকে?

**উত্তর:** একটি দেশের শিল্প, সংস্কৃতি, ইতিহাস-ঐতিহ্যের যাবতীয় নিদর্শন জাদুঘরে সংরক্ষিত থাকে।

৯. কোথায় ঢুকতে সবুজের স্নিগ্ধ স্পর্শে সাবিহার মনটা ভরে গেল?

**উত্তর:** সোনারগাঁও এর জাদুঘরে ঢুকতে সবুজের স্নিগ্ধ স্পর্শে সাবিহার মনটা ভরে গেল।

খ) শব্দার্থ লিখ।

প্রদত্ত শব্দ	শব্দার্থ	প্রদত্ত শব্দ	শব্দার্থ
সমৃদ্ধ	উন্নত	অভূতপূর্ব	পূর্বে যা দেখা যায়নি
প্রসিদ্ধ	বিখ্যাত	অন্তগামী	পশ্চিম দিকে চলে পড়েছে এমন
মসলিন	বিখ্যাত বস্ত্র	স্মৃতি	মনে রাখা
বিলিতি	বিলাত বা ইংল্যান্ডের কোনকিছু		

**Class:** চতুর্থ শ্রেণি

**Prepared by:** আফরোজা তাসনিম (নিপা)

**Subject:** বাংলা ১ম

**Topic:** ঘুরে আসি সোনারগাঁও

গ) যুক্তবর্ণ ভেঙ্গে দুটি শব্দ তৈরি করে প্রতিটি যুক্তবর্ণ দিয়ে একটি বাক্য তৈরি কর :

ব্য, দ্ব, দ্র, শ্ব, ঙ্গ ।

যুক্তবর্ণ	বর্ণ বিভাজন	দুটি শব্দ তৈরি কর	বাক্য তৈরি কর
ব্য	ব+্য (য-ফলা)	কাব্য, ব্যবসা	আমার বাবার ব্যবসা বন্ধ আছে ।
দ্ব	দ+ধ	সমৃদ্ধ, বৃদ্ধ	নিজে বাক্য তৈরি করবেন ।
দ্র	ন+দ+্র (র-ফলা)	কেন্দ্র, বরেন্দ্র	শিক্ষার্থীরা নিজে বাক্য তৈরি করবেন ।
শ্ব	শ+ব	বিশ্ব, আশ্বিন	”
ঙ্গ	গ+ধ	দঙ্ক, মুঙ্ক	”

ঘ) সংক্ষিপ্ত প্রশ্নঃ

১. কোন নগরীকে প্রাচীন নগরী বলা হয় এবং কেন?

**উত্তরঃ** পানাম নগরীকে প্রাচীন নগরী বলা হয় । এই নগরীতে রাস্তার দুই পাশে সারি সারি অনেক প্রাচীন দালান আছে যেগুলো প্রায় একশো বছরেরও আগের তৈরি । পানাম নগরীকে প্রাচীন নগরী বলা হয় ।

ঙ) বর্ণনামূলক প্রশ্নঃ

১. পানাম নগরী কী জন্য প্রসিদ্ধ?

**উত্তরঃ** এই নগরীতে রাস্তার দুই পাশে সারি সারি অনেক প্রাচীন দালান আছে যেগুলো প্রায় একশো বছরেরও আগের তৈরি । এখানেই ধনী ব্যবসায়ীরা বসবাস করতেন । এই পানাম নগরী অর্থাৎ সোনারগাঁও তখন ছিল মসলিন কাপড় তৈরির জন্য প্রসিদ্ধ স্থান । সোনারগাঁওয়ে তৈরি মসলিনের বিশ্বজোড়া খ্যাতি ও কদর । এছাড়া এখানে রয়েছে মোঘল স্থাপত্য শৈলির নানারকম অপূর্ব নিদর্শন । রয়েছে লোকশিল্প জাদুঘর ।

চ) নিচের বাক্যগুলো সত্য হলে সত্য এবং মিথ্যা হলে মিথ্যা লিখে সঠিক বাক্যটি লিখ :

- ১ । হাসান স্যার সবাইকে বাসে উঠার জন্য তাড়া দিলেন ।-----সত্য
- ২ । ঢাকা থেকে সোনারগাঁও এর দূরত্ব ২৫ কি. মি. ।-----মিথ্যা (২৭ কি.মি.)
- ৩ । সোনারগাঁও নারায়নগঞ্জ জেলায় অবস্থিত ।-----সত্য
- ৪ । প্রথমেই তাদের একগুম্বুজ বিশিষ্ট একটি প্রাচীন মসজিদ চোখে পড়ল ।-----সত্য
- ৫ । মোঘল স্থাপত্য শৈলীর কোন নিদর্শন সোনারগাঁও এ নেই ।-----মিথ্যা (আছে)
- ৬ । সোনারগাঁও এর সবচেয়ে সমৃদ্ধ এলাকা পানাম নগর ।-----সত্য
- ৭ । প্রায় একশো বছরের আগে এখানে ধনী ব্যবসায়ীরা বাস করতেন না ।-----সত্য
- ৮ । একটি দেশের শিল্প সংস্কৃতি, ইতিহাস-ঐতিহ্যের যাবতীয় নিদর্শন জাদুঘরেই সংরক্ষিত থাকে ।-----সত্য